দৈনিক ইত্তেফাক

তারিখ... 18 DEC 1990
পৃষ্ঠা... ৩ ...কলাম... ৬ ...

০৪

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তুকি প্রদান

সরকারী সিদ্ধান্ত অনুযায়ী দেশের পৌর কর্পোরেশন ও পৌর এলাকার বাহিরে অবস্থিত বেসরকারী বিদ্যালয় ও মাদ্রাসাসহ শিক্ষা প্রতিষ্ঠানে ৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রী বেতন ভর্তুকি টাকা বাবদ ১লা জানুয়ারী হইতে ৩১শে মে, ১৯৯০ পর্যন্ত ৫ মাসের ভর্তুকির টাকা

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে

( ৩য় পৃঃ পর )

বিতরণের জন্য অগ্রণী, জনতা, সোনালী ও রূপালী ব্যাংকে প্রদান করা হইয়াছে। এই ভর্তুকির টাকা উত্তোলনের জন্য নিজ নিজ এলাকার সংশ্লিষ্ট ব্যাংকের সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হইয়াছে। উল্লেখ্য, ইতিপূর্বে শুধুমাত্র বেসরকারী বালিকা বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে ১লা জানুয়ারী হইতে ৩০শে জুন, ১৯৯০ পর্যন্ত ৬ মাসের ভর্তুকির শতকরা ৫০ ভাগ প্রদান করা হইয়াছে। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবশিষ্ট শতকরা ৫০ ভাগ ভর্তুকির টাকা অবিলম্বে প্রেরণ করা হইতেছে। —তথ্য বিবরণী